

আগামী ২০ অক্টোবর জগন্নাথ বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষে বেগম ফাজিলাতুন্নেছা মুজিব হল উদ্বোধন অনুষ্ঠিত হবে



বেগম ফাজিলাতুন্নেছা মুজিব হল পরিদর্শন।

আগামী ২০ অক্টোবর বেগম ফাজিলাতুন্নেছা মুজিব হল, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উদ্বোধন অনুষ্ঠিত হবে। এই উপলক্ষে ১১ অক্টোবর ২০২০-রবিবার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান এর নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের প্রথম হল বেগম ফাজিলাতুন্নেছা মুজিব হল পরিদর্শন করেন।

এসময় ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, বেগম ফাজিলাতুন্নেছা মুজিব হলের প্রভোস্ট অধ্যাপক ড. এস. এম. আনোয়ারা বেগম, পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কসের পরিচালক প্রকৌশলী মো: সেলিম খান, প্রক্টর ড. মোস্তফা কামাল, অর্থ ও হিসাব দপ্তরের পরিচালক কাজী মো: নাসীর উদ্দীন সহ অন্যান্য শিক্ষক এবং কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।